
দৈনিক ইনকিলাব

তারিখ ... 1999
পৃষ্ঠা ১১ কলাম ৪

42




*কেশবপুর (যশোর) ঃ শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গত ১৭ জুলাই থানা পরিষদ হলরুমে এলাকার মসজিদ, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন —ইনকিলাব*

# মাদ্রাসা বন্ধ করার কোন অভিপ্রায় সরকারের নেই

## –শিক্ষামন্ত্রী

কেশবপুর (যশোর) নিজস্ব সংবাদদাতা ঃ শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, দেশের মাদ্রাসা বন্ধ করার কোন অভিপ্রায় সরকারের নেই। বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করে তুলছে, মাদ্রাসায় লেখাপড়া শিখে যাতে তারা কর্মক্ষম জনশক্তিতে রূপান্তরিত হয়। তিনি বলেন, মিথ্যাবাদীর শাস্তি একদিন হবেই। আল্লাহ মিথ্যাবাদীদের জন্য কঠোর শাস্তির বিধান রেখেছেন। তিনি তার নির্বাচনী এলাকার পানিবদ্ধতা নিরসনের জন্য গৃহীত প্রকল্পে কিছু এনজিও বাধার সৃষ্টি করছে বলে উল্লেখ্য করেন। মন্ত্রী ১৬, ১৭ এবং ১৮ জুন– তিনদিনের সফরে বিভিন্ন এলাকায় গণসংযোগ এবং সরকারী অনুষ্ঠানে বক্তব্য রাখার সময়ে একথা বলেন।

ভেরচী পুলিশ ক্যাম্প পরিদর্শন শেষে স্বতঃস্ফূর্ত সমাবেশ, মঙ্গলকোর্ট জনসংযোগ, মাগুরা-ডাঙ্গা যোগদান অনুষ্ঠান এবং এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানে ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ করেন। অনুষ্ঠানে থানা নির্বাহী অফিসার মোঃ গাউসের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন থানা আঃ লীগ সভাপতি রুহুল আমীন, সাধারণ সম্পাদক এইচ এম আমীর হোসেন, চেয়ারম্যান ইয়ার মাহমুদ, ইমার আলী, শাহদাত হোসেন প্রমুখ।